

শ্রী ১২ কাম ১৩

## তেজগাঁও পলিটেকনিকে বন্দুকযুদ্ধে ছাত্রসহ রাজধানীতে ৫ খুন

স্টাফ রিপোর্টার ॥ তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে শনিবার রাতে দু'দলের বন্দুকযুদ্ধে শরিফ নামের এক ছাত্র গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে রাত ১২টার পর ইনস্টিটিউটের সামনে ব্যাপক গাড়ি ভাঙচুর হয়। প্রায় একই সময়ে আর কে মিশন রোডে নবী হোসেন নামে এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে মারা যায়। উত্তরার মোস্তারটেক কাজী অফিসের কাছে শনিবার রাতে দরজি দোকানের কর্মচারী কবিরকে সন্ত্রাসী মামুন গুলি করে হত্যা করেছে। পূর্ব শরৎতার জের ধরে এই তিনের ঘটনা ঘটেছে বলে পুলিশ আশঙ্কা করছে। গুলি করে মামুন পালিয়ে যাওয়ার সময় স্থানীয়

লোকজন তাকে ধরে পুলিশের হাতে সোপর্দ করে। এছাড়া মোহাম্মদপুরে সন্ত্রাসীদের বোমা হামলায় এক ব্যক্তি নিহত হয়েছে। শ্যামপুরের ওয়াসা কলোনি পুকুরপাড় থেকে উদ্ধার করা হয়েছে হাত-পা বাঁধা যুবকের লাশ। ঝিলগাঁও এলাকায় কাজের মেয়ের রহস্যজনক মৃত্যু এবং পশ্চিম শ্যাওড়াপাড়ায় গণডাকাতি হয়েছে। শনিবার পুলিশ ও মেডিক্যাল সূত্রে এ তথ্য জানা গেছে।

পলিটেকনিকের লতিফ ছাত্রাবাসের ভিতর দু'দলের মধ্যে বন্দুকযুদ্ধ শুরু হয়। এ সময় জহির রায়হান হলেও (১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

### তেজগাঁও (১২-এর পাতার পর)

ছাত্র শরিফ পড়ার টেবিলে বসে গুলিবিদ্ধ হয়। তাকে প্রথমে হলিফ্যামিলি হাসপাতাল ও পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হয়। এখানে ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। শরিফের মৃত্যুর খবর ইনস্টিটিউটে পৌঁছলে ছাত্ররা রক্তায় নেমে আসে এবং গাড়ি ভাঙচুর করে। পরে তেজগাঁও থেকে মগবাজার পর্যন্ত রক্তায় গাড়ি চলাচল বন্ধ করে দেয়া হয়।

মোহাম্মদপুর পুলিশ জানায়, শুক্রবার রাত সাড়ে ৮টায় রায়েরবাজার বধ্যভূমি এলাকায় কবির পেয়াদা নামের এক ব্যক্তি সন্ত্রাসীদের বোমা হামলায় গুরুতর আহত হয়। গুরুতর আহত অবস্থায় রাতেই স্থানীয় শিকদার মেডিক্যাল হাসপাতালে ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত ব্যক্তি শাহজাদপুর এলাকার মধ্য বাউডার আবদুল বাব্বের পুত্র। এ ব্যাপারে মোহাম্মদপুর থানায় মামলা হয়েছে। শনিবার দুপুরে শ্যামপুর থানার ওয়াসা কলোনি পুকুরপাড় থেকে অজ্ঞাত (৩৫) যুবকের হাত-পা বাঁধা লাশ উদ্ধার হয়েছে। লাশ ঢাকা মেডিক্যাল মর্গে রয়েছে।

পৃথক ঘটনায় ঝিলগাঁও থানার বনশ্রী আবাসিক এলাকায় কাজের মেয়ে নাসিমা খাতুনের (২২) রহস্যজনক মৃত্যু হয়েছে। তার গ্রামের বাড়ি চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার সুজাদপুরে। গৃহপরিচারিকার মৃত্যু রহস্যজনক বলে পুলিশ সন্দেহ করছে।

মিরপুরের পশ্চিম শ্যাওড়াপাড়ায় শনিবার সকাল সাড়ে ১১টায় পেশকার বাড়িতে গণডাকাতি হয়েছে। এলাকাবাসী জানায়, স্থানীয় সন্ত্রাসী ফারুকের নেতৃত্বে ঐ বাসায় হামলা চালানো হয়। সন্ত্রাসীরা ঐ বাসার ৮/১০ জন ভাড়টিয়ার নগদ টাকাসহ স্বর্ণালঙ্কার লুট করে দ্রুত পালিয়ে যায়। ভাড়টিয়ারা জনকণ্ঠে ফোন করে জানান, ফারুকের গড়ফাদার কসাই খুরশেদের নির্দেশে এ ঘটনা ঘটে।